দৈনিক
জনকণ্ঠ

তারিখ ........ পৃষ্ঠা ৩ ... 14 SEP 2017 ... কলাম ৪

# ক্যাডারভুক্তির দাবিতে সরকারীকরণ কলেজ শিক্ষকদের আন্দোলন

স্টাফ রিপোর্টার ॥ গণহারে নামসর্বস্ব বেসরকারী কলেজ সরকারী করার ঘটনা নিয়ে অসন্তোষের মধ্যেই এবার নিজেদের 'শিক্ষা ক্যাডার সদস্যভুক্ত' দাবি করে আন্দোলন শুরু করেছেন সেসব কলেজ শিক্ষক। বেসরকারী থেকে সরকারী হওয়া কলেজ শিক্ষকদের বিসিএস পাস করে আসা শিক্ষকদের মতো 'বিসিএস ক্যাডার' না বলে 'নন-ক্যাডার' করার উদ্যোগের মধ্যে বুধবার সংবাদ সম্মেলন করে রীতিমতো মামলার হুমকি দিয়েছেন একটি সংগঠনের শিক্ষক নেতারা।

নিজেদের বিসিএস ক্যাডার দাবি তুলে তারা সরকারের নেয়া উদ্যোগের বিরোধিতা করে বলেছেন, যদি তা না করে নন-ক্যাডার করা হয়, তাহলে তারা আইনী পদক্ষেপ নেবেন। এদিকে বিসিএস শিক্ষা ক্যাডারসহ বিশেষজ্ঞদের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে সরকার বেসরকারী থেকে জাতীয়করণের তালিকাভুক্ত কলেজের শিক্ষকদের 'নন-ক্যাডার' রেখে নতুন আত্মীকরণ বিধিমালা তৈরি করছে।

## মামলার হুমকি

সরকারের এ উদ্যোগ দেশের শিক্ষা ব্যবস্থার জন্য জরুরী বলে অভিহিত করেছেন শিক্ষাবিদরা। তারা বলেছেন, বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগে মান রক্ষা করা হয় না, যেনতেনভাবে ঘুষ দিয়ে অধিকাংশ শিক্ষক নিয়োগে হয়েছে বছরের পর বছর। অথচ বিসিএসে কঠোর পরিশ্রম করে কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে আসতে হয় একজন ক্যাডার সদস্যকে। এ অবস্থায় বেসরকারী কলেজ সরকারী হলে কোন পরীক্ষা বা বাছাই ছাড়াই প্রতিষ্ঠানটির প্রত্যেক শিক্ষককে 'বিসিএস ক্যাডার' এর স্বীকৃতি দিলে বিসিএস পরীক্ষার কোন মানে থাকে না। শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা বলছেন, তারা কলেজ জাতীয়করণের বিপক্ষে নন। তবে জাতীয়করণ হওয়া কলেজ শিক্ষকদের ক্যাডারে অন্তর্ভুক্ত হওয়া তারা কোনভাবেই মানবেন না। প্রয়োজনে আইনী ব্যবস্থা নেবেন। বিষয়টি মাথায় রেখে সরকারের নেয়া উদ্যোগের মধ্যেই বেসরকারী শিক্ষকদের একটি অংশ হঠাৎ ক্যাডার দাবি করে আন্দোলন শুরু করেছে। নতুন করে জাতীয়করণ হতে যাওয়া দেশের ২৮৩ বেসরকারী কলেজের শিক্ষকদের বিসিএস শিক্ষা ক্যাডারভুক্ত করার দাবি জানিয়েছেন ওই সংগঠনের কয়েক নেতা। যদি তা না করে নন-ক্যাডার করা হয়, তাহলে তারা আইনী পদক্ষেপ নেবেন বলেও হুমকি দিয়েছেন।

রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে এই দাবি ও আইনী পদক্ষেপের হুমকি দেন 'জাতীয়করণ তালিকাভুক্ত কলেজ শিক্ষক পরিষদ' নামের সংগঠনটির আহ্বায়ক মোঃ ফারুক হোসেন। তবে তিনি আশা প্রকাশ করেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের ক্যাডারভুক্ত করেই আত্মীকৃত করার ব্যবস্থা নেবেন। সংবাদ সম্মেলনে কয়েক শিক্ষক কথা বলেন। জানা গেছে, নতুন জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের বি সি এস সাধারণ শিক্ষা ক্যাডারভুক্ত না করার বিধান রেখে আত্মীকরণ বিধিমালা ২০১৭-এর খসড়া প্রস্তুত করছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের এক অতিরিক্ত সচিবকে প্রধান করে গঠিত একটি কমিটি আত্তীকরণ বিধিমালা ২০১৭-এর খসড়াটি প্রস্তুত করে সম্প্রতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা সচিব মোঃ সোহরাব হোসাইনের কাছে পাঠিয়েছেন। খসড়া বিধিমালার নাম দেয়া হয়েছে, 'সরকারীকরণকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৭'।

খসড়ায় বলা হয়, এই বিধিমালার অধীন নিয়মিতকরণকৃত নন-ক্যাডার শিক্ষক ও কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বেসরকারী কলেজের নিয়মিত চাকরিকাল গণনাযোগ্য হবে। তাছাড়া নন-ক্যাডার শিক্ষকদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ প্রযোজ্য হবে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতারা আগেই বলেছেন, শিক্ষা ক্যাডারে চাকরির জন্য বিসিএসের মতো পরীক্ষার মুখোমুখি হতে হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ....................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর.